ISO 9001:2015 Certified

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ।
পোষ্ট কোড নং-৬৭০০

E-Mail-sirajganjpbs2@gmail.com
Web :pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০১.০৩৮.২০২৬. ৪০০৭

তারিখঃ ০৪ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ।
১৯ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

প্রতি,

বিষয়ঃ **অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি প্রসংগে।**

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, শিয়ালকোল, সিরাজগঞ্জ কর্তৃক পবিসের পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরের অব্যবহৃত প্যাকিং কাঠ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলগালা খামে দরপত্র আহ্বান করা হয়। প্যাকিং কাঠের বিবরণ নিম্নরুপঃ

ক্রঃ নং	বিবরণ	পরিমান	উদ্ধৃত একক মুল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	০২	০৩	০৪	০৫
১।	**অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)**	৪০০০ (চার হাজার) কেজি		
কথায়ঃ----------			সর্বমোট =	

শর্তাবলীঃ

০১। **দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ** দরপত্র আগামী ২৫/১১/২০২৬খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা (২) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর (শিয়ালকোল, সিরাজগঞ্জ)-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র সমুহ একই দিন বেলা ১১:৩৫ ঘটিকার উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিজ নিজ দাখিলকৃত স্থানে খোলা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

০২। নিলামে উদ্ধৃত সর্বমোট মূল্যের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) হারে আর্নেষ্টমানি "সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২" এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (নগদ অর্থ গ্রহণযোগ্য নয়) দরপত্রের সহিত জমা প্রদান করতে হবে। আর্নেষ্টমানি ব্যাতীত নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধপূর্বক বর্ণিত অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) সমূহ গ্রহণ করতে হবে। তাহাছাড়াও কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে সরকারী বিধি মোতাবেক মোট উদ্ধৃত মূল্যের সহিত ভ্যাট ও উৎসকরসহ পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল গ্রহণ করতে ব্যর্থ হলে নিলাম আদেশ বাতিল করতঃ নিলাম দরপত্রের সহিত প্রদত্ত আর্নেষ্টমানি অত্র পবিসের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাগণের আর্নেষ্টমানি নিয়মানুযায়ী ফেরৎ প্রদান করা হবে।

০৩। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান "অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী)" অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তর (শিয়ালকোল, সিরাজগঞ্জ) এ দেখতে পারবেন।

০৪। মালামাল গ্রহণের সময় পবিসের কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। কোন প্রকার ক্ষতি সাধিত হলে তাহা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করতে হবে।

চলমান পাতাঃ ০২

০৫। মালামাল গ্রহণের সময় পবিসের কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না । কোন প্রকার ক্ষতি সাধিত হইলে তাহা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করতে হবে।

০৬। অত্র সমিতির কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা উপদেষ্টার স্বামী/স্ত্রী বা উভয়ের রক্ত সম্পর্কীয় কেউ নিলামে অংশ গ্রহণ করতে পারবেন না।

০৭। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হবে। কোন কারণ প্রদর্শন ছাড়াই যে কোন বা সকল দরপত্র কিংবা দরপত্রের অংশ বিশেষ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। খামের উপর স্পষ্টাক্ষরে **"অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ি) নিলামে বিক্রয়ের দরপত্র "** কথাটি লিখতে হবে।

০৯। দরপত্রে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

19-11-26

(প্রকৌশলী মোহাম্মদ হারুন-অর-রশীদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি :- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে (সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তর/বিভাগ এর নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবোর্ড, বগুড়া।
৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ---------- পবিস-১/২/৩/৪।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কাজিপুর/বেলকুচি/কামারখন্দ/চৌহালী উপজেলা, সিরাজগঞ্জ।
৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, বগুড়া।
৮। ডিজিএম, কাজিপুর/সদর-কারিগরী/বেলকুচি, সিরাজগঞ্জ পবিস-২।
৯। এজিএম (অর্থ/এম,এস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), সিরাজগঞ্জ পবিস-২।
১০। এজিএম (ওএন্ডএম), কামারখন্দ/তামাই/পিপুলবাড়িয়া সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
১১। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ) ।
১২। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
১৩। অফিস/মাস্টার কপি।

19-11-26

(চৈতী নন্দী)
এজিএম প্রশাসন